



খফ ১০৪৩৪৫৭

### ঋন পরিশোধের অঙ্গীকারনামা

بسم الله الرحمن الرحيم

অত্র ঋন পরিশোধের অঙ্গীকারনামা অদ্য : ২ জানুয়ারী, ২০২২ইং তারিখে নিম্নলিখিত পক্ষদ্বয়ের মধ্যে সম্পাদিত হলো।

আবদুল হাকিম, পিতা : আব্দুল মান্নান, মাতা : মোসাম্মদ রহিমা বেগম, স্থায়ী ও বর্তমান ঠিকানা : "সোনালী ছায়া" ফ্ল্যাট নং- ৫/বি, ১২৩, পশ্চিম রামপুরা, থানা : পশ্চিম রামপুরা, ঢাকা-১২১৭, জাতীয়তা : বাংলাদেশী, এনআইডি নম্বর : 3251245789, পেশা : ব্যবসা, ধর্ম : ইসলাম,



- প্রথম পক্ষ

আনিসুর রহমান তালুকদার, এনআইডি নম্বর : 369852147, জাতীয়তা : বাংলাদেশী Mobile 021254789 Nationality : Bangladeshi



- দ্বিতীয় পক্ষ

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”



খফ ১০৪৩৪৫৭

পরম করুনাময় মহান আল্লাহ তা'আলার নামে অত্র ঋন পরিশোধের অঙ্গীকারনামা আইনানুগ বয়ান শুরু করছি। যেহেতু আমরা উভয় পক্ষ পরস্পর পরস্পরকে দীর্ঘ দিন যাবত চিনি ও জানি এবং আমাদের মাঝে পারিবারিক সম্পর্ক রয়েছে। এমতাবস্থায় প্রথম পক্ষের আমার ব্যবসায়িক প্রয়োজনে প্রয়োজনে অর্থের সংকীর্ণতা থাকায় দ্বিতীয় পক্ষের কাছ থেকে ঋন গ্রহণের ইচ্ছা প্রকাশ করায় আমরা উপরোক্ত পক্ষদ্বয় একমত হইয়া আলাপ আলোচনার মাধ্যমে ভবিষ্যৎ জটিলতা নিরসনকল্পে অদ্য হাজিরান মজলিশে স্বাক্ষীগণের মোকাবেলায় প্রথম পক্ষকে নিম্ন লিখিত শর্তে ঋন প্রদান করলাম।

শর্তাবলী:

আমার ব্যবসায়িক প্রয়োজনে এর কাছ থেকে ১০,০০,০০০/= দশ লক্ষ টাকা সুদবিহীন ঋনের শর্তে ঋন গ্রহণ করলাম। উক্ত অর্থগ্রহণের বিষয়টি আমার পরিবারের স্ত্রী/সন্তানেরা অবহিত। এবং যা নিচের শর্ত সাপেক্ষে পরিশোধযোগ্য :

শর্তসমূহ :

১. ঋনের পরিমাণ : ১০,০০,০০০/= দশ লক্ষ টাকা
২. যেভাবে পরিশোধ হবে : লভ্যাংশ বিহীন মাসিক কিস্তিতে
৩. যে মাধ্যমে পরিশোধ হবে : ঋন গ্রহীতার পছন্দ মত চেক/নগদ যে কোন পলিসিতে ঋন পরিশোধ করা যেতে পারে।
৪. পরিশোধের সর্বশেষ তারিখ : ৩০ মার্চ, ২০২২
৫. অঙ্গীকারনামা প্রদানের তারিখ : ২ জানুয়ারী, ২০২২ইং
৬. যে পরিমাণ প্রতিবারে প্রদান করা হবে : ১৫,০০০/= (পনের হাজার) টাকা

উক্ত অর্থের কিস্তি/লভ্যাংশ/মুদারাবা কিংবা সমুদয় অর্থ পরিশোধে প্রথম পক্ষ ঋন গ্রহীতা যদি কোনরকম তালবাহানা বা গরিমসি করে তাহলে দ্বিতীয় পক্ষ ঋনদাতা, প্রথম পক্ষের বিরুদ্ধে আনিানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন বা বিষয়টি সর্ব আদালতে গ্রহণযোগ্য হবে। এবং এই অঙ্গীকারনামার ক্ষমতাবলে দ্বিতীয় পক্ষ ঋনদাতা প্রথম পক্ষ ঋন গ্রহীতার স্থাবর ও অস্থাবর সম্পত্তি আদায় করে নিতে পারবেন। এতে প্রথম পক্ষ ঋন গ্রহীতার ওয়ারিশদের কোনো ওজর বা আপত্তি থাকবেনা। প্রথম পক্ষ ঋন গ্রহীতার আকস্মিক মৃত্যুতে প্রথম পক্ষ ঋন গ্রহীতার উল্লেখিত ওয়ারিশগণ দ্বিতীয় পক্ষ ঋনদাতার উক্ত অর্থ পরিশোধের সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করবেন।

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”



খফ ১০৪৩৪৫৭

এতদ্বারা স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ শরীর, সুস্থ মস্তিষ্কে এবং সরল মনে কারো কোন প্ররোচনা ব্যতিত এ অঙ্গিকারনামার মর্মার্থ ও ফলাফল পুরোপুরি অবগত হয়ে নিম্ন স্বাক্ষীগনের সম্মুখে আমরা উভয়ে স্বহস্তে স্বাক্ষর এবং বা হাতের বৃদ্ধাঙ্গুলির টিপসহি প্রদান করলাম।

অদ্য ২ জানুয়ারী, ২০২২ইং তারিখে এই চুক্তিনামাটি 100 টাকার 3টি ননজুডিশিয়াল স্ট্যাম্পে কম্পিউটারে কম্পোজকৃত এবং ঋনগ্রহীতা, ঋনদাতা ও স্বাক্ষীগনের সহি স্বাক্ষর সম্পাদন করা হলো। ইতি,

**মুসাবিদাকারকের নাম :** এডভোকেট কামাল হোসেন, ঠিকানা : রুম নং - ৩৪২, বিএনএস সেন্টার, সেতটর-০৭, উত্তরা, যাকা-১২৩০, মোবাইল :01715254587

**ঋন গ্রহীতার স্বাক্ষর :**

✓ \_\_\_\_\_

**ঋন দাতার স্বাক্ষর :**

✓ \_\_\_\_\_

**স্বাক্ষীগনের স্বাক্ষর :**

1. ✓ \_\_\_\_\_ 2. ✓ \_\_\_\_\_ 3. ✓ \_\_\_\_\_

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”